

আবার লাক্স চ্যানেল আই সুপারস্টার

‘স্বপ্ন আকাশ ছোঁয়া’ শ্লোগান নিয়ে লাক্সএর সাথে উৎসবে মেতে ওঠার সুযোগ এলো আরো একবার। সারাদেশ থেকে প্রাথমিকভাবে নির্বাচিত ১৫০ থেকে বিভিন্ন ধাপে পেরিয়ে গ্রুপিং রাউন্ডে উত্তীর্ণ হয়েছেন ২৫জন। ১৫০ থেকে ২৫ জন নির্বাচিত করার পুরো প্রক্রিয়াটির বিভিন্ন কার্যক্রমের ওপর ২৯ অক্টোবর একটি সূচনা পর্ব প্রচারের মাধ্যমে শুরু হয়ে গেছে লাক্স-চ্যানেল আই সুপারস্টার '০৮-এর মূল সম্প্রচার কার্যক্রম। প্রচার হচ্ছে সোমবার ও বুধবার রাত ৯-৩৫ মিনিটে। মুনমুনের উপস্থাপনায় অনুষ্ঠানটি পরিচালনা করেছেন অমিতাভ রেজা। এই প্রতিযোগিতায় কোর জাজ'র দায়িত্ব পালন করছেন তিন ভুবনের



তিন খ্যাতিমান তারকা— বরেন্দ্রা চিত্রনায়িকা কবরী সারোয়ার, কথাসাহিত্যিক ইমদাদুল হক মিলন ও অভিনেত্রী-নির্মাতা আফসানা মিমি। দেশের তরুণীদের মিডিয়ায় শক্তিশালী প্র্যাটফর্ম তৈরির পক্ষে এবারের প্রতিযোগিতা হবে আরো বেশি চ্যালেঞ্জিং। এবারের প্রতিযোগীদের পরীক্ষা করা হবে মিডিয়া সংশ্লিষ্ট সব ক্যাটাগরিতে।

আসছে ওয়ার্ল্ড ট্যুর...
টিভির ভ্রমণবিষয়ক অনুষ্ঠান বা

ট্রাভেল শো এখন বেশ জনপ্রিয়। ‘ওয়ার্ল্ড ট্যুর’ নামে মিডিয়া স্টেশন থেকে আরেকটি ট্রাভেল শো আসছে খুব শিগগিরই। তবে কোন চ্যানেলে প্রচারিত হবে তা এখনো নির্ধারিত হয় নি। পৃথিবীর বিভিন্ন দেশগুলোর টুরিস্ট পয়েন্ট, সংস্কৃতি ইত্যাদি বিষয়গুলো তুলে ধরা হবে এই অনুষ্ঠানের ভেতর দিয়ে। এই পর্যন্ত মালয়েশিয়া, থাইল্যান্ড এবং ভারতের উপর ২৪টি পর্ব ধারণ করা হয়েছে। উপস্থাপক ও নির্দেশক হলেন আবদুল্লাহ আল মামুন।

টুকরো
খবর

- প্রথমবারের মতো ধারাবাহিক নাটকে অভিনয় করলেন জনপ্রিয় মডেল অভিনেত্রী মৌ। খ ম হারুণ পরিচালিত এ ধারাবাহিকে মৌ-কে একজন কলেজ শিক্ষয়িত্রী হিসেবে দেখা যাবে।
- সুনীল গঙ্গোপাধ্যায়ের গল্প অবলম্বনে আবারও নাটক নির্মাণ করছেন অনিমেঘ আইচ। সুনীলের ‘একটি নদীর নাম’ গল্প অবলম্বনে নির্মিত নাটকটির নাম হলো ‘নদীর নাম নয়নতারা’।
- ২৮ অক্টোবর থেকে বিটিভিতে শুরু হয়েছে প্রয়াত নাট্যকার সেলিম আল দীনের ধারাবাহিক নাটক ‘ফুলমিয়া’। এটি তার লেখা শেষ ধারাবাহিক নাটক।
- সম্প্রতি হুমায়ূন ফরীদীর নির্মাণ করলেন টেলিফিল্ম ‘পথে যেতে যেতে’। নেপালের বিভিন্ন লোকেশনে চিত্রায়িত এ টেলিফিল্মটি আগামী ঈদে এনটিভিতে প্রচারিত হবে।
- মানিক বন্দ্যোপাধ্যায়ের কালজয়ী উপন্যাস ‘পুতুল নাচের ইতিকথা’ নিয়ে ধারাবাহিক নাটক নির্মাণ করেছেন তরুণ নির্মাতা আলভী আহমেদ। প্রধান চরিত্রে অভিনয় করেছেন আনিসুর রহমান মিলন, তমালিকা কর্মকার এবং তিশা।
- পরিচালক চয়নিকা চৌধুরী অভিনয় করেছেন চলতি ধারাবাহিক ‘আড্ডা’য়।

নতুন ধারাবাহিক



তোমার দোয়ায় ভালো আছি মা

১৩ নভেম্বর থেকে এটিএন বাংলায় শুরু হয়েছে মাহফুজ আহমেদ পরিচালিত দীর্ঘ ধারাবাহিক ‘তোমার দোয়ায় ভালো আছি মা’। প্রতি বুধস্পতিবার রাত ৯.২০-এ এটি প্রচার হচ্ছে। কাজী শাহীদুল ইসলাম রচিত এ ধারাবাহিকে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের যাপিত জীবন তুলে ধরা হচ্ছে। বাংলাদেশের লাখো মানুষ একটি ভিসার জন্য কীভাবে নিজেদের সর্বস্ব আদম বেপারির হাতে তুলে দেয় এবং বিদেশে গিয়ে কী মানবেতর জীবনযাপন করে তার এক বাস্তব চিত্রায়ন ধারাবাহিক নাটক ‘তোমার দোয়ায় ভালো আছি মা’।

পরিচালক মাহফুজ আহমেদের ভাষ্য হচ্ছে, নানা সময়ে নানা কাজে বিদেশে গেছি। তখন প্রবাসী বাংলাদেশীদের মানবেতর জীবনযাপন লক্ষ করেছি। কত কষ্টে তারা আছে। বিষয়টি আমাকে আলোড়িত করেছে। তারই রেজাল্ট হলো এই ধারাবাহিকটি।

অন্যতম অভিনেতা চঞ্চল চৌধুরী বলেন, ‘নাটকের কাজে বিদেশে আগেও গেছি। কিন্তু এই ধারাবাহিকে আমাদের টিমটি ছিল অন্য রকমের। সবার মধ্যে আন্তরিকতা ছিল।’ তিনি প্রবাসী এক বাংলাদেশীর আন্তরিকতার কথাও উল্লেখ করলেন, যিনি তাদেরকে মুড়ি ও পাটালি গুড় খাইয়েছিলেন। আরেক অভিনেতা শামস সুমনের বক্তব্য হচ্ছে, এই ধারাবাহিকটি ডকু-ড্রামা হিসেবে বাংলাদেশের সেইসব মানুষকে সাহায্য করবে— যারা বিদেশ যেতে যায়। প্রবাসে যাপিত জীবন কী রকম, কী কী সমস্যার মুখোমুখি হতে হয়— তা এ ধারাবাহিকে ধরা পড়েছে।

আয়নার সামনে ২০০তম পর্বে

সম্প্রতি এটিএন বাংলা’র ফ্যাশন ও রুপচর্চা বিষয়ক জনপ্রিয় অনুষ্ঠান ‘আয়নার সামনে’ ২০০তম পর্বে উত্তীর্ণ হলো। দর্শকদের অংশগ্রহণে সরাসরি সম্প্রচারিত এ অনুষ্ঠানটি প্রতি সোমবার বিকেল ৫.১০ মিনিটে প্রচারিত হচ্ছে। শুধু ফ্যাশন বা রুপচর্চা নয়, লাইফ স্টাইলের বিভিন্ন বিষয় নিয়েও আয়োজন থাকে এ অনুষ্ঠানে। প্রতি পর্বে আলাদা আলাদা বিষয়ভিত্তিক এ অনুষ্ঠানে এখন পর্যন্ত দেশের প্রথিতযশা রুপ বিশেষজ্ঞ ও ফ্যাশন ডিজাইনারগণ উপস্থিত থেকে এ অনুষ্ঠানকে সমৃদ্ধ করেছেন।

সিজিল মির্জা’র উপস্থাপনায় অনুষ্ঠানটি পরিচালনা করেছেন রুমানা আফরোজ।



বিজলী মহল্লা

বাংলাভিশনে ৩১ অক্টোবর থেকে শুরু হয়েছে নতুন ধারাবাহিক নাটক ‘বিজলী মহল্লা’। বৃন্দাবন দাসের রচনা ও কাজী আমিরুল ইসলাম শোভার পরিচালনায় ধারাবাহিকটির বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন লিটু আনাম, হাসান মাসুদ, আনিসুর রহমান মিলন, পীযুষ বন্দ্যোপাধ্যায়, সিরাজুল ইসলাম, জয়ন্ত চট্টোপাধ্যায়, নাদিরা,

কচি খন্দকার প্রমুখ।

কাহিনীধারায় দেখা যায়— ঢাকার আশেপাশেরই একটি জায়গার নাম বিজলী মহল্লা। সে-মহল্লায়ই একটি পরিবারের দুই মেয়ে বিজলী ও নাজলী। তবে মহল্লাটি তাদের নামের কারণে নয়। চার সদস্যের বিজলীদের পরিবার— বাবা-মা ও দুই বোন।

বিজলীদের রাস্তার বিপরীতে আরেকটি পরিবারের বাস। সে-পরিবারের সদস্যসংখ্যা ছয়। বৃদ্ধ দাদা, তিন নাতি ও দুই নাতনি।

পুরনো ঢাকার ঐতিহ্য আর গর্ব টিকিয়ে রাখার প্রত্যয়ে একজন চিরকুমার হাসান ভাই ও তার ক্লাব। এদেরকে নিয়েই ‘বিজলী মহল্লা’। n

